

দৈনিক ইত্তেফাক

তারিখ:
 পৃষ্ঠা: ৬ কলাম: ৬

তালিম হোসেন ট্রাস্ট নজরুল

গীতির কোর্স চালু করছে

আগামী মাসে কবি তালিম হোসেন ট্রাস্টের পরিচালনায় নজরুল সঙ্গীতের প্রশিক্ষণ ক্লাস কবির বাসভবন দিশারী, ২১, পশ্চিম মালিবাগে শুরু হচ্ছে। এর মেয়াদ হবে এক বছর। বছর শেষে সার্টিফিকেট প্রদান করা হবে। প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষকরা হচ্ছেন ট্রাস্ট সদস্য পারভীন মুশতারী, ইয়াসমিন মুশতারী, অজিথি শিক্ষক ইয়াকুব আলী খান ও অভিজিৎ সাহা। উপদেষ্টা শিক্ষক খালিদ হোসেন। সার্বিক তত্ত্বাবধান ও পরিচালনায় ট্রাস্টের আহ্বায়ক শেবনমু মুশতারী। - প্রেস বিজ্ঞপ্তি

বেসরকারী বিশ্ববিদ্যালয়

ফাউন্ডারস ফোরাম

গঠিত

গত ১৬ মার্চ বাংলাদেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর প্রতিষ্ঠাতাদের এক সভা নর্থ-সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশন কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বেসরকারী বিশ্ববিদ্যালয় ফাউন্ডারস ফোরাম গঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নর্থ-সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারম্যান ও ফোরামের আহ্বায়ক আজিম উদ্দিন আহমদ। ফোরামের উদ্দেশ্য হচ্ছে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মিলিত প্রচেষ্টায় উচ্চশিক্ষার মান উন্নয়ন।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের

ছাত্র-ছাত্রীদের জ্ঞাতব্য

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষের সকল সেভেল ও টার্ম এবং ক্লাস আপামী ১৩ই এপ্রিল শুরু হবে। ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ৮, ৯ ও ১০ই এপ্রিল তারিখে অনুষ্ঠিত হবে। - প্রেস বিজ্ঞপ্তি